

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা সংক্রান্ত অংশীজনের সভার কার্যবিবরণী
সভাপতি : সুলতানা সাঈদা,
অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যবস্থাপনা), সমাজকল্যাণ মন্ত্রণালয়
সভার তারিখ : ৩১-০১-২০২১ খ্রিষ্টাব্দ
সময় : বেলা ১২:০০ টায়
স্থান : জুম প্লাটফর্ম
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

২.০ আলোচনা:

২.১ ভারুয়াল সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে হবে। এরপর তিনি উপসচিব কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা কে আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে উপসচিব সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী তা বাস্তবায়ন করতে হবে।

২.২ তিনি সভায় আরো উল্লেখ করেন যে, দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৬.১ ক্রমিক বর্ণিত “প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন” এর পরিবর্তে “প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন/বিভাগে চলমান প্রকল্প উন্নয়ন কার্যক্রম পর্যালোচনা” এবং ৮.১ ক্রমিকে বর্ণিত “স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন” এর পরিবর্তে “স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন/হালনাগাদকরণ ও বাস্তবায়ন হিসাবে” প্রতিস্থাপনের নির্দেশনা প্রদান করেছে। নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

২.২ সভায় প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা হয়। আলোচনায় সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ৩৫ প্রকল্প চলমান রয়েছে। প্রকল্প প্রণয়ন নির্ধারিত সময়ে বাস্তবায়ন, বিভিন্ন ধরনের কেনা কাটাসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমের সাথে মন্ত্রণালয়ের সংশ্লিষ্টতা কিছু কিছু ক্ষেত্রে রয়েছে। এসব বিষয়ে প্রকল্প সংশ্লিষ্টদের সাথে মতবিনিময় করা যেতে পারে। এতে কর্মসম্পাদনে কোন বাধা থাকলে তা দূর করা সম্ভব হবে।

২.৩ সভাকে আরও অবহিত করা হয় যে, মন্ত্রণালয় ন্যায় আওতাধীন দপ্তর/সংস্থা তাদের অধীনস্থ প্রতিষ্ঠানসমূহ নিয়ে অংশীজনের সভা আয়োজন করবে।

৩.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- ক) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র অনুযায়ী ২০২০-২১ অর্থবছরের জন্য প্রণীত কর্ম-পরিকল্পনা (৬.১ ও ৮.১) পরিবর্তনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হয়;
- খ) এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের চলমান ৩৫টি প্রকল্পের প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভা আয়োজন করতে হবে ;
- গ) এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে কর্ম-পরিকল্পনা অস্থায়ী অংশীজনের সভা আয়োজন করবে।

৪.০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

৩১-০১-২০২১

সুলতানা সাঈদা

অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যবস্থাপনা)


১৭ মাঘ ১৪২৭

স্মারক নম্বর - ৪১.০০.০০০০. ০৩৫.১৬.০০২.১৮ (অংশ-১)-১৩৩

তারিখ: ৩১ জানুয়ারি ২০২১

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সকল অতিরিক্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা
৩. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা
৪. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ইস্কাটন, ঢাকা
৫. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ন ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা
৬. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প), টংগী, গাজীপুর
৭. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল সুরক্ষা ট্রাস্ট (এনডিডি), সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা
৮. সকল যুগ্মসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সকল উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সকল সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


৩১.১.২০২১
(খাদিজা নাজনীন)
উপসচিব

ফোন: ৯৫১৪০৯৩

E-mail: publication@msw.gov.bd